# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

**নীলফামারী সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত**

নীলফামারী (২২.০৭.২০২৬):




বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) নীলফামারী সরকারি কলেজ-এর শিক্ষার্থীদের নিয়ে ‘ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট’ শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ২২ জুলাই ২০২৬ তারিখ কলেজের সম্মেলন কক্ষে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নীলফামারী সরকারি কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মোঃ গোলাম মোস্তফা চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ বাবুল হোসাইন। এসময় রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক জনাব মনিরা জেসমিন, হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জনাব অশোক কুমার সরকার, আইসিটি বিভাগের প্রভাষক জনাব মোঃ ইউসুফ আলী, বিআইসিএম এর সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, প্রভাষক জনাব ইমরান মাহমুদ ও প্রভাষক জনাব গৌরব রায়সহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

ইন্সটিটিউটের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, প্রভাষক জনাব ইমরান মাহমুদ ও প্রভাষক জনাব গৌরব রায় বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের বিভিন্ন সেশন পরিচালনা করেন।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ নীলফামারী সরকারি কলেজে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২
ই-মেইলঃ oarish@bicm.ac.bd